

জাতীয় শ্রমিক লীগ সভাপতির মৃত্যুতে শ্রম সচিবের শোক
ঢাকা, শুক্রবার ২০ নভেম্বর ২০২০:

জাতীয় শ্রমিক লীগের সভাপতি, বীর মুক্তিযোদ্ধা, আন্তর্জাতিক পর্যায়ের শ্রমিক নেতা ফজলুল হক মন্টুর ইন্তেকালে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব কে এম আব্দুস সালাম।

আজ ভোরে রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ৭১ বছর বয়সে বীর মুক্তিযোদ্ধা ফজলুল হক মন্টু ১৯৪৯ সালে পাবনা জেলায় জন্ম গ্রহণ করেন। তিনি মহান মুক্তিযুদ্ধে পাবনা অঞ্চলে সশ্রু যোদ্ধা ছিলেন। তিনি পাবনা জেলা ছাত্রলীগের সভাপতিও ছিলেন। শ্রম সচিব তাঁর শোকবার্তায় বলেন, মহান মুক্তিযুদ্ধে বীরত্বপূর্ণ অবদান ও শ্রমজীবী মেহনতি মানুষের অধিকার আদায়ের সংগ্রামের অগ্রভাগের সৈনিক ফজলুল হক মন্টু তাঁর কর্ম ও আদর্শের মাঝে স্মরণীয় হয়ে থাকবেন। বাংলাদেশ ও আন্তর্জাতিক পর্যায়ের অসংখ্য শ্রমিক সংগঠনের সাথে যুক্ত ছিলেন ফজলুল হক মন্টু। তিনি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনসহ সকল কমিটির শ্রমিক প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করছিলেন। শ্রম সচিব মরহমের রুহের মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

মোঃ আকতারুল ইসলাম

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

ফোন-৯৫৭৩৮৩৯

মোবাইলঃ০১৭১৮৮৫১৮৫১

Email : aktarullalpur@gmail.com

